

“সেবার মাধ্যমে এগিয়ে  
যাওয়াই প্রকৃত কল্যাণ”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েব আর্নাস কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
www.wewb.gov.bd

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০৫৪.২৩-৩৬

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

**এসএসসি/সমমান-২০২৩ ও এইচএসসি/সমমান-২০২২ ক্যাটাগরিতে “প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি” এর দরখাস্ত আহ্বান।**

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৩ ইং সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা কোর্সে (১ম সেমিস্টার/বর্ষ) অধ্যয়নরত এবং ২০২২ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/বিশ্ববিদ্যালয় (১ম সেমিস্টার/বর্ষ) এ অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

**শর্তাবলী:**

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-

- (ক) বিএমইটি’র ডাটাবেজের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী অথবা ওয়েব আর্নাস কল্যাণ বোর্ডের মেম্বরশীপ গ্রহণকারী প্রবাসী কর্মীর সন্তান;  
(খ) ওয়েব আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন এমন মৃত প্রবাসী কর্মীর সন্তান।

(২) নিম্নোক্ত ছকে বর্ণিত শর্তসাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ	
			প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে	প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান ২০২৩	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও বাণিজ্য বিভাগ	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান ২০২২	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.০০
		মানবিক ও বাণিজ্য বিভাগ	৪.৫০	৪.০০

(৩) আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে: (অবশ্যই সাদা ব্যাকগ্রাউন্ড .jpeg ফরমেট হতে হবে)

- ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে (বহির্গমন ছাড়পত্র/wewb সদস্যপদ সম্বলিত) পাসপোর্ট এর কপি;  
খ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি (height×width : ৩০০×৩০০ পিক্সেল);  
গ) শিক্ষার্থীর স্বাক্ষর (height×width : ৮০×৩০০ পিক্সেল);  
ঘ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র; (height×width : ৮"×৬")  
ঙ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ) এর কপি। (height×width : ৮"×৬")  
চ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/NID কার্ড এর কপি। (height×width : ৮"×৬")

(৪) শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ:

- ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের জন্য ০৪ (চার) বছর; এবং  
খ) এইচএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে ৩(তিন) বছর/স্নাতক (সম্মান) পর্যায়ে ৪(বছর) ও মেডিকেলের জন্য ৫ বছর বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।

(৫) আবেদনের প্রক্রিয়া:

- ক) সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের লিংক: <http://stipen.wewb.gov.bd/stipend>  
খ) অনলাইনে আবেদনের সময়সীমা: ১লা জানুয়ারী হতে ৩১ জানুয়ারী ২০২৪ তারিখ পর্যন্ত।

(৬) শর্তাবলী:

- (ক) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতা/অভিভাবক এর মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে।  
(খ) প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।  
(গ) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে। সরাসরি বা ডাকযোগে আবেদন গ্রহণ করা হবে না।  
(ঘ) অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।  
(ঙ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ২৪/৭ “প্রবাসবন্ধু কলসেন্টার” এর ১৬১৩৫ (টোল ফ্রি) এবং +৮৮০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) নম্বরে যোগাযোগ করা যাবে।

(মোঃ শিয়ারাস উদ্দিন)  
উপসচিব  
পরিচালক (আইআরপি)